



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

পত্র নং- ৭১৪

তারিখ: ২৮/০৪/২০১৯ খ্রি:

বিষয়: এইচএসসি পরীক্ষা- ২০১৯ এর স্থগিতকৃত পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণ খরচ বহন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা সরকারি কলেজ (কেন্দ্র- আলফাডাঙ্গা-১, কেন্দ্র কোড- ২৭৫) কেন্দ্রে অদ্য ২৮/০৪/২০১৯ তারিখ আগামী ২৯/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২য় পত্র- ২৯৩ পরীক্ষার ফয়েল খাম কেটে ফেলার কারণে পরীক্ষাটি আগামী ০৭/০৫/২০১৯ তারিখ বিকাল ২:০০টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রশ্নপত্রের ফয়েল খাম খুলে ফেলায় নতুন করে প্রশ্নপত্র পুনরায় মুদ্রণের জন্য যে আর্থিক ব্যয় হবে তা সংশ্লিষ্ট কেন্দ্রের প্রশ্নপত্র ব্যবস্থাপনার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গকে বহন করতে হবে।

এ বিষয়ে আলফাডাঙ্গা সরকারি কলেজ কেন্দ্রের প্রশ্নপত্র ব্যবস্থাপনায় নিয়োজিত ব্যক্তিগণের তালিকা সরবরাহ করার জন্য ফরিদপুর জেলা প্রশাসক কে অনুরোধ করা হলো।

২৮.০৪.১৯

প্রফেসর মু. জিয়াউল হক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২-৯৬১৫২৩৫

জেলা প্রশাসক

ফরিদপুর

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, আলফাডাঙ্গা, ফরিদপুর
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আলফাডাঙ্গা-১, আলফাডাঙ্গা সরকারি কলেজ, আলফাডাঙ্গা, ফরিদপুর
- ৫। অফিস কপি